# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**13-04-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) সুপ্রিম কোর্ট স্পষ্ট জানিয়েছে বিচার বিভাগীয় ট্রাইবুনালে আবেদনের নিষ্পত্তি না হওয়া পর্যন্ত পশ্চিমবঙ্গে ভোটার তালিকা থেকে বাদ পড়া ব্যক্তিরা, ভোট দানের সুযোগ পাবেন না।

সুপ্রিম কোর্টের নির্দেশে জোকাতে অবস্থিত বিশেষ ট্রাইব্যুনাল আজ থেকে কাজ শুরু করেছে।

২) মোথাবাড়ির ঘটনায় এনআইএ আজ তদন্তের অগ্রগতি সংক্রান্ত রিপোর্ট সুপ্রিমকোর্টে জমা দিয়েছে।

৩) রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার জন্য **মনোনয়ন প্রত্যাহারের আজই ছিল শেষ দিন**। এই দফায় আগামী ২৯শে এপ্রিল সাতটি জেলার ১৪২ টি বিধানসভা আসনে ভোট গ্রহণ।

৪) বিধানসভা ভোট এগিয়ে আসার সঙ্গে সঙ্গে রাজ্যের প্রচারাভিযান জমে উঠেছে। বিভিন্ন দলের তারকা প্রচারকরা মিটিং, মিছিল, জনসভা ও রোডশো করছেন।

বরিষ্ঠ বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ বলেছেন, তারা এরাজ্যে সরকার গঠন করলে অনুপ্রবেশকারীমুক্ত বাংলা গড়ে তুলে যুব সম্প্রদায়ের কর্মসংস্থান সুনিশ্চিত করা হবে ।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস সুপ্রিমো মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন, বিপুল সংখ্যক ভোটার বাদ দিয়ে এস আই আর প্রক্রিয়ায় সবচেয়ে বড় দুর্নীতি হয়েছে।

৫) ভোটের সময় আইনশৃঙ্খলা সংক্রান্ত অভিযোগ জানানোর জন্য নতুন হেল্পলাইন চালু করল নির্বাচন কমিশন। আজ থেকেই শুরু হয়েছে হোম ভোটিং।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিচার বিভাগীয় ট্রাইবুনালে আবেদনের নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এস আই আর-এর পর রাজ্যের ভোটার তালিকা থেকে বাদ পড়া ব্যক্তিরা এই বিধানসভা নির্বানচনে ভোট দানের সুযোগ পাবেন না বলে সুপ্রিম কোর্ট স্পষ্টভাবে জানিয়েছে। প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং দুই বিচারপতি জয়মাল্য বাগচি এবং বিপুল এম পাঞ্চলির বেঞ্চ আজ পশ্চিমবঙ্গে এস আই আর সংক্রান্ত মামলার শুনানিতে জানায়, এব্যাপারে ট্রাইবুনালের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। কিন্তু ট্রাইব্যুনালের ওপর কোনোভাবে চাপ সৃষ্টি করা যাবে না। ট্রাইবুনালের বিচারকদের উপর অতিরিক্ত বোঝা চাপাতে তারা রাজি নয় বলেও স্পষ্ট জানিয়েছেন বেঞ্চ।

কমিশনের আইনজীবী জানান, এপর্যন্ত অ্যাডজুডিকেশন তালিকায় থাকা ৬০ লক্ষের বেশি মামলার নিষ্পত্তি হয়েছে। পদ্ধতিগত কারণে মাত্র দু হাজার নামের নিষ্পত্তি সম্ভব হয়নি। যেভাবে দ্রুততার সঙ্গে বিচার বিভাগীয় আধিকারিকরা এই কাজ সম্পন্ন করেছেন, তা প্রশংসার যোগ্য বলে প্রধান বিচারপতি উল্লেখ করেছেন।

পশ্চিমবঙ্গে নির্বাচন শেষ না হওয়া পর্যন্ত বিচারকদের যথাযথ নিরাপত্তা ও সুরক্ষা দিতে হবে বলেও জানিয়েছেন প্রধান বিচারপতি।

এদিকে, এরাজ্যে এস আই আরে ভোটার তালিকা থেকে নাম বাদ যাওয়াকে চ্যালেঞ্জ জানিয়ে পেশ করা একটি আবেদন শুনতে সুপ্রিম কোর্ট অস্বীকার করেছে। শীর্ষ আদালতের মতে এখনই এর শুনানি গ্রহণ করা যায়না। বিচারপতি সূর্যকান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচির বেঞ্চ আবেদনকারীকে এই অভিযোগ নিয়ে নির্দিষ্ট আপিল

ট্রাইবুনালে যেতে বলেছেন। আদালতের পর্যবেক্ষন, প্রায় ৩০ থেকে ৩৪ লক্ষ আপিল এখনও বকেয়া। প্রত্যেক ট্রাইবুনাল এক লক্ষেরও বেশি মামলা সামলাচ্ছে। শীর্ষ আদালত যথাযথ প্রক্রিয়া পালনের ওপর জোর দিয়ে বলেছে, এই অবস্থায় বিচার বিভাগীয় হস্তক্ষেপ নির্বাচনী প্রক্রিয়াকে বিঘ্নিত করতে পারে। একই সঙ্গে ভোটাধিকার, সাংবিধানিক এবং গণতান্ত্রিক অংশগ্রহণের ক্ষেত্রে গুরুত্বপূর্ন বলেও তার পর্যবেক্ষণে জানিয়েছে সুপ্রিম কোর্ট। পাশাপাশি আদালত এও বলেছে, নির্বাচনী প্রক্রিয়া ব্যাহত না হলে, ভোটার তালিকা থেকে বিপুল অংশের নাম বাদ গেলেও ভোট বন্ধ করা সম্ভব নয়।

এদিকে, কলকাতা হাইকোর্টের তত্ত্বাবধানে ১৯টি ট্রাইবুনাল, বিবেচনাধীন তালিকা থেকে বাদ যাওয়া নামের নিষ্পত্তির কাজ শুরু করেছে।

উল্লেখ্য, রাজ্যের দুই পর্যায়ে ২৩ এবং ২৯শে এপ্রিল ভোট নেওয়া হবে। গণনা ৪ঠা মে।

oooooooooooooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের নির্দেশে জোকার শ্যামাপ্রসাদ ইনস্টিটিউটে তৈরি হওয়া বিশেষ ট্রাইব্যুনাল আজ কাজ শুরু করেছে। এস আই আর-এ নাম বাদ পড়া সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তির জন্যই এই ব্যবস্থা।

প্রথম দিনেই ট্রাইব্যুনাল চত্বরে ভীড় লক্ষ্য করা যায়। মোট ১৯ জন বিচারকের মধ্যে ১৬ জন আজ তাদের কাজ শুরু করেছেন। প্রাথমিক পর্যায়ে অভিযোগের ভিত্তি কতটা গ্রহণযোগ্য, তা যাচাই করে দেখা হচ্ছে ।

ট্রাইব্যুনালের কার্যপ্রণালী অনুযায়ী, কোনও আবেদনে বিভ্রান্তি বা অসঙ্গতি থাকলে আবেদনকারীকে সরাসরি ডেকে পাঠানো হবে। প্রয়োজনে শুনানির মাধ্যমে বিষয়টি নিষ্পত্তি করা হবে।

oooooooooooooooooooooooooooooo

বিভিন্ন রাজ্যে বিধানসভা নির্বাচনে ভোটারদের আঙুলের ছাপ ও বায়োমেট্রিকের ব্যবস্থা করার আর্জি জানিয়ে এক আইনজীবী শীর্ষ আদালতের দ্বারস্থ হন। সুপ্রিম কোর্ট

আজ এ বিষয়ে কেন্দ্রীয় সরকার এবং নির্বাচন কমিশনকে তাদের বক্তব্য পেশ করার জন্য নোটিশ জারি করেছে।

oooooooooooooooooooooooooooooo

**মালদার  কালিয়াচক মোথাবাড়িতে এস আই আর-এর কাজে যুক্ত বিচার বিভাগীয় আধিকারিকদের ঘেরাও ও হেনস্থার ঘটনায় এনআইএ আজ তদন্তের অগ্রগতি সংক্রান্ত রিপোর্ট সুপ্রিমকোর্টে জমা দিয়েছে। পাশাপাশি রাজ্যের মুখ্য সচিব ও রাজ্য পুলিশের মহানির্দেশকেও একটি রিপোর্ট জমা দেওয়া হয়েছে। এই ঘটনায় মুল চক্রী হিসাবে যাদের গ্রেফতার করা হয়েছে তাদের কোনো রাজনৈতিক যোগ আছে কিনা, এনআইএকে তা তদন্ত করে দেখতে নির্দেশ দিয়েছেন প্রধান বিচারপতি সূর্যকান্ত ও বিচারপতি জয়মাল্য বাগচির বেঞ্চ।**

**এদিকে, মোথাবাড়ি কান্ডে ধৃত আই এস এফ নেতা** গুলাম রাব্বানি এবং দুই কংগ্রেস নেতা শাহাদাত হোসেন ও আসিফ শেখকে ১৮-ই এপ্রিল পর্যন্ত এন আই এ হেফাজতে পাঠানো হয়েছে। তাদের কাছ থেকে উদ্ধার হয়েছে ৫-টি মোবাইল ফোন। সেগুলি পরীক্ষা করে দেখার আবেদন জানানো হয়েছে।

একই সঙ্গে এই ঘটনায় মূলচক্রী হিসেবে গ্রেফতার হওয়া মোফাক্কারুল ইসলাম এবং আক্রামূল  বাগানিকে আগামী ১৬-ই এপ্রিল এন আই এ-র বিশেষ আদালতে সশরীরে হাজির করার নির্দেশ দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার জন্য **মনোনয়ন প্রত্যাহারের আজই ছিল শেষ দিন**। এই দফায় আগামী ২৯শে এপ্রিল সাতটি জেলার ১৪২ টি বিধানসভা আসনে ভোট গ্রহণ।

গত ৯’ই এপ্রিল মনোনয়ন জমা দেওয়ার কাজ শেষ হয়। সেগুলি পরীক্ষা করে দেখার পর গৃহীত হয়েছে এক হাজার ৪৬৩ জন প্রার্থীর মনোনয়ন। দ্বিতীয় দফায় মোট ৬২ টি মনোনয়ন বাতিল হয়েছে।

কলকাতায় আজ মনোনয়ন প্রত্যাহারের শেষদিনে ভবানীপুর কেন্দ্র থেকে একটি মনোনয়ন প্রত্যাহার করা হয়েছে।

কলকাতা দক্ষিণের জেলা নির্বাচনী আধিকারিক রণধীর কুমার জানিয়েছেন, অবৈধ আর্থিক লেনদেনের জন্য আজ বিকেল পর্যন্ত ৮ কোটি ৯৪ লক্ষ টাকা উদ্ধার হয়েছে।

oooooooooooooooooooooooooooooo

বিধানসভা ভোট এগিয়ে আসার সঙ্গে সঙ্গে রাজ্যের প্রচারাভিযান জমে উঠেছে। বিভিন্ন দলের তারকা প্রচারকরা মিটিং, মিছিল, জনসভা ও রোডশো করছেন।

বরিষ্ঠ বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ বলেছেন, তারা এরাজ্যে সরকার গঠন করলে কাঁটা তার দেওয়ার জন্য ৬-শো একর জমি ৪৫ দিনের মধ্যে বিএসএফ-এর হাতে তুলে দেওয়া হবে। ফলে বন্ধ হবে অনুপ্রবেশ। পশ্চিম বর্ধমানের রানীগঞ্জে খানদ্রা ফুটবল ময়দানে আয়োজিত এক জনসভায় শ্রী শাহ্ বলেন, অনুপ্রবেশকারীমুক্ত বাংলা গড়ে তুলে যুব সম্প্রদায়ের কর্মসংস্থান সুনিশ্চিত করা এবং সোনার বাংলা গড়ে তোলা হবে ।

(বাইট – অমিত শাহ্)

এর আগে বীরভূমের খয়রাশোলে বিজয় সংকল্পসভায় যোগ দিয়ে রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকারের তীব্র সমালোচনা করেন তিনি। শ্রী শাহ্ বলেন, এস আই আর-এ অনুপ্রবেশকারীদের ভোটার তালিকা থেকে বাদ দেওয়া হচ্ছে বলেই রাজ্যের মুখ্যমন্ত্রী এর বিরোধিতা করছেন।

সন্ধ্যায় দুর্গাপুরে এক রোডশো-এ অংশ নিয়ে শ্রী শাহ্ পশ্চিমবঙ্গে সিন্ডিকেটরাজ এবং দুর্নীতির বিরুদ্ধে সরব হন।

পশ্চিম বর্ধমানের কাঁকসার রঘুনাথপুরে দলীয় প্রার্থীদের সমর্থনে এক জনসভায় যোগ দিয়ে তৃণমূল কংগ্রেস সুপ্রিমো মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী কেন্দ্রের বিজেপি সরকারকে কড়া ভাষায় আক্রমণ করেন। নির্বাচনী প্রক্রিয়া নিয়ে মানুষকে সতর্ক করে দিতে মুখ্যমন্ত্রী, ভোটদানের সময় ইভিএম ভালোভাবে পরীক্ষা করে দেখে নেওয়ার পরামর্শ দেন। বিপুল সংখ্যক ভোটার বাদ দিয়ে এস আই আর প্রক্রিয়ায় সবচেয়ে বড় দুর্নীতি হয়েছে বলেও অভিযোগ করেন তিনি।

(বাইট – মমতা )

বাঁকুড়া বিধানসভার দলীয় প্রার্থীর সমর্থনেও মুখ্যমন্ত্রী আজ দুপুরে রোডশো করেন। তামলিবাঁধ থেকে লালবাজার পর্যন্ত যাওয়া এই পদযাত্রাকে ঘিরে নিরাপত্তা আঁটোসাঁটো করা হয়।

কংগ্রেস, বামফ্রন্ট এবং আই এস এফ সহ অন্য রাজনৈতিক দলের নেতা-নেত্রীরাও দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচার সারছেন। লোকসভায় বিরোধী দলনেতা কংগ্রেসের রাহুল গান্ধী আগামীকাল এরাজ্যে নির্বাচনী প্রচারে যোগ দেবেন। উত্তর দিনাজপুরের রায়গঞ্জ, মালদার চাঁচল এবং মুর্শিদাবাদের সামশেরগঞ্জে একাধিক সভা করবেন তিনি । রায়গঞ্জ স্টেডিয়ামে অস্থায়ী হলিপ্যাড ভাঙাকে কেন্দ্র করে তৃণমূল কংগ্রেস ও কংগ্রেসের মধ্যে রাজনৈতিক তর্জা শুরু হয়েছে। কংগ্রেসের অভিযোগ রাহুল গান্ধীর জনসভা উপলক্ষে বানানো হেলিপ্যাড শাসক দলের মদতে ভেঙে দেওয়া হয়েছে। যদিও তৃণমূল কংগ্রেস এই অভিযোগ অস্বীকার করেছে।

oooooooooooooooooooooooooooooo

ভোটের সময় আইনশৃঙ্খলা সংক্রান্ত অভিযোগ জানানোর জন্য নতুন হেল্পলাইন চালু করল নির্বাচন কমিশন। অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন সুনিশ্চিত করতে এই বিশেষ উদ্যোগ বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন।

তিনি জানান, ১৮০০-৩৪৫-০০০৮ এই নিঃশুল্ক নম্বরটি ২৪ ঘণ্টাই সক্রিয় থাকবে।

শুধু ফোন নয়, অভিযোগ জানানোর জন্য একটি নির্দিষ্ট ই-মেইল আইডিও চালু করা হয়েছে— wbfreeandfairpolls@gmail.com –এ সরাসরি অভিযোগ জানানো যাবে।

কমিশন সূত্রে খবর, এই হেল্পলাইন ও ই-মেইল পরিষেবা ইতিমধ্যেই চালু হয়েছে। গণনা পর্ব পর্যন্ত এটি কার্যকর থাকবে। সমস্ত অভিযোগ সরাসরি রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে পৌঁছবে এবং প্রয়োজন অনুযায়ী দ্রুত ব্যবস্থা নেওয়া হবে বলেও শ্রী আগরওয়াল জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে বিধানসভা ভোটের আগে জেলায় জেলায় প্রশাসনিক তৎপরতা তুঙ্গে। সর্বত্রই ভয়মুক্ত পরিবেশে ভোটদান সুনিশ্চিত করার ওপর জোর দেওয়া হচ্ছে।

জলপাইগুড়ি জেলায় আজ রিটার্নিং অফিসার সন্দীপ ঘোষ, জেলা পুলিশ সুপার অমরনাথ কে, এবং জেলায় মোতায়ন আধা সেনার কমান্ডিং আধিকারিক আজ এক সাংবাদিক বৈঠক করেন। জেলা শাসক তথা জেলার রিটার্নিং অফিসার জানান , আগামী ভোট নির্বিঘ্ন রাখতে নির্বাচন কমিশনের দেওয়া গাইড লাইন মেনেই উদ্যোগ নেওয়া হচ্ছে। কোনোরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে, সজাগ দৃষ্টি রাখা হচ্ছে। ভোট পর্ব মিটে যাওয়ার পরেও আপনাদের সঙ্গে থাকবে আধা সেনা জওয়ানেরা।

বাঁকুড়ার জেলাশাসক অনীশ দাশগুপ্ত, পুলিশ সুপার সৌম্যদীপ ভট্টাচার্য এবং ডিস্ট্রিক্ট ফোর্স কো-অর্ডিনেটর সুধাংশু কুমার সাংবাদিক সম্মেলনে তাঁরা জানান, ভয়মুক্ত পরিবেশে ভোটদান, ছাপ্পা রোধ, প্রলোভন দিয়ে ভোট কেনা বন্ধ এবং ভোটারদের অংশগ্রহণ বাড়ানোর মতো বিষয়গুলি নির্বাচন কমিশনের ছয়দফা নতুন নির্দেশকে ১০০

শতাংশ কার্যকর করতে বিশেষ নজরদারি চালানো হবে। এর পাশাপাশি এসএসটি নাকা-র উপরও বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। প্রশাসনের তরফে জানানো হয়, আগামীকাল থেকে জেলায় হোম ভোটিং প্রক্রিয়া শুরু হচ্ছে। প্রায় ১২ হাজার ভোটার এই ব্যবস্থার আওতায় থাকবেন। ১৬ তারিখের মধ্যেই এই প্রক্রিয়া সম্পূর্ণ করার লক্ষ্য রাখা হয়েছে।

হাওড়ার জেলা শাসক ডা: পি.দীপাপ প্রিয়া একটি সাংবাদিক বৈঠকে জানান, অবাধ ও শান্তিপূর্ণ পরিবেশে ভোটাররা যাতে নির্ভয়ে তাদের পছন্দের প্রার্থীদের ভোট দিতে পারেন সেজন্যে সবরকম পদক্ষেপ নেওয়া হচ্ছে। এর অন্যথা হলে কড়া ব্যবস্থা নেওয়া হবে|

মালদার জেলাশাসক রাজেনবীর কাপুর, জেলা পুলিশ সুপার অনুপম সিং এবং ডিস্ট্রিক্ট ফোর্স কো-অর্ডিনেটর মনিশ সাক্সেনা জানিয়েছেন, জেলায় অবাধ এবং সুষ্ঠু নির্বাচন করতে নজরদারিতে থাকা আধিকারিকদের গাড়িতে বসানো হয়েছে জিপিএস। এছাড়াও জেলার বিভিন্ন ব্লক ধরে ধরে চিহ্নিত করা হয়েছে উত্তেজনাপ্রবণ এলাকা।

কোচবিহারে এবার ৫০০ টি মহিলা পরিচালিত বুথের জন্য আড়াই হাজার মহিলা ভোট কর্মী নিয়োগ করা হয়েছে। কোচবিহার জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক জীতিন যাদব জানিয়েছেন, জেলায় ৪০০টি বুথকে ইতিমধ্যে স্পর্শকাতর হিসেবে চিহ্নিত করা হয়েছে।

নির্বাচন কমিশনের নির্দেশ মতো ভোটারদের আত্মবিশ্বাস বাড়ানোর লক্ষ্যে যাবতীয় ব্যাবস্থা নিচ্ছে পুরুলিয়া জেলা প্রশাসন। জেলা শাসক সুধীর কোন্থাম ও পুলিশ সুপার বৈভব তিওয়াড়ি জানিয়েছেন, কোথাও বুথ বা সোর্স জ্যামিং যাতে না হয় তার জন্য সার্বিক ব্যাবস্থা নেওয়া হবে। সশস্ত্র বাহিনীকে এ বিষয়ে বিস্তারিত জানানো হয়েছে।

পশ্চিম মেদিনীপুরে নির্বাচনী আধিকারিক হিসেবে জেলাশাসক বিজিন কৃষ্ণা, পুলিশ বিভাগের প্রধান পুলিশ সুপার পাপিয়া সুলতানা এবং কেন্দ্রীয় সশস্ত্র বাহিনীর প্রধান

হিসেবে সিআরপিএফের মহিলা কমান্ড্যান্ট সালু এস মহারানা জানান, আদর্শ আচরণবিধি লাভু হওয়ার পর থেকে আজ পর্যন্ত জেলাতে ৬৩ লক্ষ ২৪হাজার টাকা বাজেয়াপ্ত করা হয়েছে। উদ্ধার হয়েছে ১১কোটি ৯১লক্ষ টাকা মূল্যের মাদকদ্রব্য এবং মদ। আদর্শ আচরণ আচরণবিধি ভঙ্গ করার সাড়ে ৭১ হাজারের বেশী অভিযোগ দায়ের হয়েছিল যার প্রায় সবকটি সমাধান করা হয়েছে বলে জেলা শাসক জানিয়েছেন।

oooooooooooooooooooooooooooooooo

রাজ্য বিধানসভার প্রথম দফার নির্বাচনের জন্য আজ থেকেই শুরু হওয়া হোম ভোটিং-এর দিনেই উত্তর দিনাজপুরের রায়গঞ্জ বিধানসভা কেন্দ্রের পুড়া অঞ্চলের ৬১ নম্বর বুথে হোম ভোটিং-এর সময় এক বিশেষভাবে সক্ষম ব্যক্তির মৃত্যুকে ঘিরে উত্তেজনা ছড়ায়। জানা গেছে, নির্বাচন কমিশনের নির্দেশে আজ বিএলও এবং সংশ্লিষ্ট ভোটা কর্মীরা কেন্দ্রীয় বাহিনীর জওয়ানদের সঙ্গে নিয়ে এলাকায় পৌঁছন। দৃষ্টিশক্তির সমস্যায় ভোগা ওই বৃদ্ধা কিভাবে ভোট দেবেন তা নিয়ে স্থানীয় বাসিন্দাদের সঙ্গে ভোটকর্মীদের বচসা বাধে। দ্রুত তা বিশৃঙ্খলার আকার নিলে হুড়োহুড়ি ও উত্তেজনার মাঝে আচমকা অসুস্থ হয়ে পড়েন ওই বৃদ্ধা। দ্রুত স্থানীয় স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন। এরপরই পরিস্থিতি ক্রমশ উত্তপ্ত হয়ে ওঠে। বাসিন্দাদের দাবি ভোটগ্রহণ প্রক্রিয়াটি গোপনে সম্পন্ন করার চেষ্টা চলছিল। পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। বিষয়টি খতিয়ে দেখার আশ্বাস দিয়েছেন জেলার রিটার্নিং অফিসার, জেলাশাসক বিবেক কুমার।

উল্লেখ করা যেতে পারে নির্বাচন কমিশন এক নির্দেশিকায় জানিয়েছে, ৮৫ ঊর্দ্ধ এবং বিশেষভাবে সক্ষম নাগরিকদের ভোটদানে সহায়তার লক্ষে বাড়িতে ব্যালট বক্স নিয়ে হাজির হচ্ছেন ভোট কর্মীরা। বুথে গিয়ে লাইনে দাঁড়িয়ে ভোট দিতে অসমর্থ নাগরিকদের গণতান্ত্রিক অধিকার সুনিশ্চিত করতে এই সংস্থান।

oooooooooooooooooooooooooooooooo

প্রবাদপ্রতিম সঙ্গীত শিল্পী আশা ভোঁসলের শেষকৃত্য আজ পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হয়েছে। মুম্বইয়ের শিবাজি পার্কের শ্মশানে অসংখ্য মানুষ চোখের জলে তাঁকে শেষ বিদায় জানান। গান স্যালুটের পর চিতায় অগ্নি সংযোগ করেন আশা ভোঁসলের পুত্র আনন্দ।

oooooooooooooooooooooooooooooo

রাঢ়বাংলার বিভিন্ন স্থানে লোকউৎসব গাজনের সূচনা হয়েছে। শিবভক্তরা উপবাস, আগুন সন্ন্যাস, কাঁটাঝাঁপ সহ নানা ধর্মীয় অনুষ্ঠানের মধ্য দিয়ে উপাসনায় অংশ নিচ্ছেন। বিকেলে সূর্যাস্তের সময় পাটে তোলা, সালে ভরের মতো চিরাচরিত অনুষ্ঠানের আয়োজন করা হবে। গভীর রাত্রে হবে কামিল্যা পূজা সহ অন্যান্য প্রথা।

অন্যদিকে আজ নীল ষষ্ঠী। সন্তানের মঙ্গল কামনায় মায়েরা পুজো, ব্রত, উপবাস করছেন। বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম, বর্ধমান , মেদিনীপুর নদীয়া জেলার শিবমন্দিরগুলিতে সকাল থেকেই বিপুল ভক্ত সমাগম হয়েছে।

নদীয়ার দিগনগরের প্রাচীন রাঘবেশ্বর মন্দির , কৃষনগঞ্জের শিবনিবাস, শান্তিপুরের জলেশ্বর মন্দিরে দূর দূরান্ত থেকে ভক্তরা এসে মহাদেবের মাথায় জল ঢালছেন।

উল্লেখ্য, বাংলার জনপ্রিয় লৌকিক পার্বণ নীলষষ্ঠীতে নীলকন্ঠ , দেবাদিদেব মহাদেবের পুজো করা হয় । চৈত্র সংক্রান্তির আগের দিন সাধারণত নীল ষষ্ঠী ব্রত উদযাপন করা হয়। গ্রামের বহু পরিবারে আজ চৈত্রলক্ষ্মীর পুজোরও আয়োজন করা হয়েছে।

oooooooooooooooooooooooooooooo

দক্ষিণবঙ্গে আগামী তিন চার দিন, দিনের তাপমাত্রা তিন থেকে চার ডিগ্রি পর্যন্ত বৃদ্ধি পেতে পারে। পশ্চিমের জেলাগুলিতে তাপমাত্রা আরো কিছুটা বাড়তে পারে বলে আকাশবাণীকে জানিয়েছেন, আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায়।

**আগামীকাল** ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর ও মুর্শিদাবাদ জেলায় স্থানীয়ভাবে বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

আজ কলকাতায় সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ দশমিক ৯ ডিগ্রী সেলসিয়াস। সর্বনিম্ন তাপমাত্রা ২৬ দশমিক ৭ ডিগ্রী সেলসিয়াস।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০